গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্ত দপ্তর/সংস্থার ২০২০-২০২১ অর্থ বছরের NIS কর্ম-পরিকল্পনার তৃতীয় প্রান্তিকের ফেব্রুয়ারি, ২০২১ মাসের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আব্দুল মালেক<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ১৭ ফেব্রুয়ারি, ২০২১ |
| সময় | : | সকাল ১১.৩০ মিনিট |
| স্থান | : | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের NIS বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব দীপঙ্কর মন্ডল, উপসচিব সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের এবং অধীনস্ত দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ তৃতীয় প্রান্তিকের ফেব্রুয়ারি, ২০২১ মাসের বাস্তবায়ন অগ্রগতি স্ব স্ব NIS ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

২.০ সভায় তৃতীয় প্রান্তিকের ফেব্রুয়ারি, ২০২১ মাসের NIS বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়। সভায় ডিটিসিএ এবং বিআরটিসি'র NIS এর মাসিক অগ্রগতির অসম্পূর্ণ থাকায় সভা ভবিষ্যতে এ বিষয়ে আরো যত্নবান হওয়ার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।

২.১ অধীন সংস্থাসমূহের তৃতীয় প্রান্তিকের ফেব্রুয়ারি, ২০২১ এর NIS কার্যক্রমের লক্ষ্যমাত্রা বাস্তবায়নে কোন কোন ক্ষেত্রে প্রতিবন্ধকতা রয়েছে সে সকল বিষয়ে আলোচনা হয়।

২.৩ সকল সংস্থার ওয়েবসাইটের তথ্যাদি নিয়মিত হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ প্রদত্ত নির্দেশনা অনুযায়ী সুশাসনের ৫টি জবাবদিহিমূলক উপকরণ যেমন সেবা প্রদান প্রতিশ্রুতি (CC), জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), তথ্য অধিকার (RTI), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ওয়েবসাইটের নির্দিষ্ট ক্রম অনুসারে একইভাবে উপস্থাপন করা হলে বিষয়টি সম্পর্কে জনগণের ধারনা নেওয়া সহজ হবে। সভায় বিআরটিএ এবং বিআরটিসি'র ওয়েবসাইট মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক এখানো হালনাগাদ না করার বিষয়টি সভায় আলোচনা করা হয়।

৩.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

সিদ্ধান্ত :

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) | NIS কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কার্যক্রমসমূহ প্রান্তিকভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে; | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/বিআরটিএ/বিআরটিসি/ ডিটিসিএ/ডিএমটিসিএল |
| (২) | আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা অনুযায়ী সঠিকভাবে বাস্তবায়ন নিয়মিত কার্যকর মনিটরিং করতে হবে; | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/বিআরটিএ/বিআরটিসি/ ডিটিসিএ/ডিএমটিসিএল |
| (৩) | মন্ত্রিপরিষদ বিভাগ প্রদত্ত নির্দেশনা অনুযায়ী সুশাসনের ৫টি জবাবদিহিমূলক সংক্রান্ত উপকরণ যথা : সেবা প্রদান প্রতিশ্রুতি (CC), জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), তথ্য অধিকার (RTI), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর তথ্যাদি ওয়েবসাইটের মন্ত্রিপরিষদ বিভাগ নির্ধারিত ক্রম অনুযায়ী সকল তথ্য সন্নিবেশ ও নিয়মিত হালনাগাদ করতে হবে। | প্রধান প্রকৌশলী (সওজ)/ নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ চেয়ারম্যান (বিআরটিএ/বিআরটিসি)/ ব্যবস্থাপনা পরিচালক (ডিএমটিসিএল) |
| (৪) | NIS কার্যক্রম পরিবীক্ষণের নিমিত্ত এ বিভাগের মাসিক সভায় অগ্রগতি প্রতিবেদনের মন্তব্য কলামে সুনির্দিষ্টভাবে আলোচ্য প্রান্তিকের কার্যক্রমের অর্জনের সম্ভাব্য তারিখ উল্লেখ থাকতে হবে। কোন প্রাসঙ্গিক তথ্যও মন্তব্য কলামে দেয়া যেতে পারে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/বিআরটিএ/বিআরটিসি/ ডিটিসিএ/ডিএমটিসিএল |

৪.০ আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৫/২/২১
মোঃ আব্দুল মালেক
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
ও
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ